# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১

তারিখ: ২৫.১১.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

### পাবিপ্রবিতে রিসার্চ মেথোডলোজি বিষয়ে প্রশিক্ষণ

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের হিট-সাব প্রজেক্টের উদ্যোগে আজ মঙ্গলবার (২৫ নভেম্বর) এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এতে অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান। আরও অতিথি ছিলেন ব্যবসায় অধ্যয়ন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. হাসিবুর রহমান এবং ব্যবসায় প্রশাসন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. কামরুজ্জামান।

সভাপতিত্ব করেন ব্যবসা প্রশাসন বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. মাসুদ রানা। তাঁর নেতৃত্বে পাবিপ্রবি প্রথমবারের মতো হিট প্রজেক্ট পায়। প্রশিক্ষণ কর্মশালায় রিসোর্স পারসন ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফাইন্যান্স বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ সালেহ জহুর।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম বলেন, 'আমাদের ভালো পরিবেশ তৈরি করে আগাতে হবে। রিসার্চের মাধ্যমে একটি প্রতিষ্ঠান সামনে অগ্রসর হতে পারে। বিশ্ববিদ্যালয়ে গবেষণাকে উদ্বুদ্ধ করার জন্য রিসার্চ সেল গঠন করা হয়েছে। শিক্ষার্থীরাও এতে কাজ করার সুযোগ পাবেন। তোমাদের পারতে হবে এবং তোমাদের মাধ্যমেই বিশ্ববিদ্যালয় এগিয়ে যাবে। শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের ফান্ড দিয়ে ভালোভাবে রিসার্চ করা অনেক সময় কষ্টসাধ্য হয়ে যায়। সেক্ষেত্রে আমাদের বাইরের সহযোগিতা লাগবে।'

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান বলেন, 'রিসার্চ করার জন্য আমাদের পরিকল্পনামাফিক আগাতে হবে। সার্ভে করার জন্য বড় পরিসরে স্টেকহোল্ডার নিয়ে কাজ করতে হবে। গবেষণায় আমাদের আরও বেশি মনোযোগী হতে হবে।

অনুষ্ঠানে ব্যবসায় প্রশাসন এবং ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের সকল শিক্ষক, শিক্ষার্থী ও অন্যান্য বিভাগের শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

২৫.১১.২০২৫
(মো. বাবুল হোসেন)
উপপরিচালক
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।